

Docket No. 355

Date 19/4/2021



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

নং- ডি.এম.এফ./প্রেস/১৫/২১

১০
১৬ই এপ্রিল, ২০২১

কার্যনির্বাহী আধিকারিক

দীঘা শঙ্করপুর উন্নয়ন পর্ষদ,

দীঘা, পূর্ব মেদিনীপুর।

বিষয়ঃ নিউ দীঘায় সমুদ্রের পাড় বাঁধানোর সময় ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবিকা রক্ষার আবেদন।

মাননীয় মহাশয়,

পশ্চিমবঙ্গের ক্ষুদ্র মৎস্যজীবীদের সর্ববৃহৎ সংগঠন দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে হार्দিক অভিনন্দন ও শুভেচ্ছা। ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবন-জীবিকার সুরক্ষায় দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম আপনার ও আপনার দপ্তরের সহযোগিতা প্রার্থনা করে।

পূর্ব মেদিনীপুর তথা দীঘার সমুদ্রতটে ক্ষুদ্র মৎস্যজীবীরা বংশ পরম্পরায় মাছ ধরে জীবিকা অর্জন করেন। বর্তমানে নিউ দীঘার সমুদ্রতটে স্টেশন ঘাট, হাসপাতাল ঘাট, টেউ সাগর ও ওসিয়ানা অঞ্চলে প্রায় ৪০০ জন মৎস্যজীবী তট সংলগ্ন সমুদ্রে বেড় জাল দিয়ে মাছ ধরে থাকেন। এই কাজের জন্য তারা সমুদ্র তটে অস্থায়ী পালা ঘর বাঁধেন এবং সমুদ্রের পাড় থেকে জলে নৌকা নামানো-ওঠানোর কাজ করেন। সম্প্রতি সেচ ও জলপথ দপ্তর দীঘা শঙ্করপুর উন্নয়ন পর্ষদের তত্ত্বাবধানে নিউ দীঘায় সমুদ্রের পাড় বাঁধানোর কাজ করছে। এই কাজের ফলে উপরোক্ত ৪০০জন মৎস্যজীবীর জীবিকা নষ্ট হওয়ার সমূহ আশঙ্কা দেখা দিয়েছে। পালাঘরগুলিকে উচ্ছেদ করলে এবং বাঁধানো পাড়ে নৌকা উঠানো-নামানোর জায়গা না রাখলে মৎস্যজীবীরা মাছ ধরবেন কিভাবে?

উল্লেখ্য যে স্থানীয় জনগোষ্ঠীর দ্বারা চিরাচরিত মৎস্য শিকার এবং তার সাথে যুক্ত ক্রিয়াকলাপ উপকূলীয় নিয়ন্ত্রিত এলাকা বিজ্ঞপ্তি ২০১৯ অনুমোদিত। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের শাখা সংগঠন 'পূর্ব মেদিনীপুর মৎস্যজীবী ফোরাম' এই বিষয়ে দীঘা শঙ্করপুর উন্নয়ন পর্ষদে ইতিমধ্যে ডেপুটেশন দিয়েছে এবং স্মারকলিপি (Memo No. PMMF/D/101/21 Dt.22.01.2021) পেশ করেছে।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

এই পরিপ্রেক্ষিতে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে একান্ত অনুরোধ -

- ১। সমুদ্রের পাড় বাঁধানোর সময় মৎস্যজীবীদের দ্বারা ব্যবহৃত উপরোক্ত অঞ্চলগুলিতে নৌকা উঠানো-নামানোর ব্যবস্থা রাখতে হবে;
- ২। সমুদ্রতটে মৎস্যজীবীদের অস্থায়ী পালাঘর বাঁধবার ব্যবস্থা রাখতে হবে;
- ৩। সমুদ্রতটে নির্বিঘ্নে ও নিরাপদে নৌকা ও জাল রাখার ব্যবস্থা করতে হবে।

আপনার পক্ষ থেকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের প্রত্যাশায় -

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম



Nababrata
Nanda
19/09/2021